

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(www.lgd.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.১১.০২৬.১৮- ২৬৫

তারিখ: ০৭ ফাল্গুন ১৪৩০।
২০ ফেব্রুয়ারি ২০২৪।

বিষয়: সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলা পরিষদের অফিস সহায়ক পদে জনবল নিয়োগের লক্ষ্যে ছাড়পত্র প্রদান।


সূত্র: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কাজিপুর, সিরাজগঞ্জ'র স্মারক নং-৬৩; তারিখ: ২৩ জানুয়ারি ২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলা পরিষদে অফিস সহায়ক পদে জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নোক্ত শর্তে ছাড়পত্র নির্দেশক্রমে প্রদান করা হলো:

ক্র:নং	উপজেলা ও জেলার নাম	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫)	মন্তব্য
০১	কাজিপুর, সিরাজগঞ্জ	অফিস সহায়ক	০১ (এক) টি	৮২৫০-২০০১০/(২০নং গ্রেড)	

শর্তাবলী:

- (১) অফিস সহায়ক পদে চূড়ান্তভাবে নিয়োগপ্রাপ্ত কর্মচারীর নাম, পিতা ও মাতার নাম, পদবী, ঠিকানা (স্থায়ী ও অস্থায়ী), বেতনগ্রেড, শিক্ষাগত যোগ্যতা, যোগদানের তারিখ, নিয়োগের মামলা না থাকার প্রত্যয়ন ইত্যাদি উল্লেখপূর্বক সংশ্লিষ্ট উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের নামযুক্ত সিলসহ স্বাক্ষরে সরাসরি/ডাকযোগে সচিব, স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে।
- (২) মাননীয় আদালতে কোন মামলার পরিপ্রেক্ষিতে নিষেধাজ্ঞা থাকলে বর্ণিত পদে জনবল নিয়োগের কার্যক্রম গ্রহণ করা যাবে না।
- (৩) অফিস সহায়ক পদে নিয়োগের ছাড়পত্রের মেয়াদ পত্রজারির তারিখ থেকে ০৬ (ছয়) মাস পর্যন্ত কার্যকর থাকবে।


(পূরবী মৌলিদার)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৮২২৪৭
Email: lgdupazila1@lgd.gov.bd

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাজিপুর, সিরাজগঞ্জ।

২। উপজেলা নির্বাহী অফিসার, কাজিপুর, সিরাজগঞ্জ।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।

২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাজিপুর, সিরাজগঞ্জ।

৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।